গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৬.০০২.১৯.**২২৭**

তারিখ: ১২ মাঘ ১৪২৮
২৬ জানুয়ারি ২০২২

**বিষয়: গ্যাস সিলিন্ডার বিষ্ফোরণে দগ্ধীভূত আউটসোর্সি-এ নিয়োজিত কর্মচারীর চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান।**

সূত্র: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট এর পত্র নং-জেপ/লাল/২০২১/২১৫, তারিখ: ২২ জুন ২০২১।

উপর্যুক্ত বিষয়ে লালমনিরহাট জেলা পরিষদের আউটসোর্সি-এ নিয়োজিত কর্মচারী জনাব মোঃ সাইফুল ইসলাম (স্ত্রী, পুত্র ও ছোট ভাইসহ) গ্যাস সিলিন্ডার বিষ্ফোরণে দগ্ধীভূত হয়েছেন। উক্ত কর্মচারীসহ পরিবারের অন্যান্য সদস্যেদের চিকিৎসার লক্ষ্যে আর্থিক সাহায্য প্রয়োজন।

২। এমতাবস্থায়, গ্যাস সিলিন্ডার বিষ্ফোরণে দগ্ধীভূত কর্চারীর চিকিৎসার উদ্দেশ্যে আপনার জেলা পরিষদ হতে প্রয়োজনীয় আর্থিক সাহায্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রস্থ পত্রের ছায়ালিপি।

২৬.১.২০২২

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ (সকল)।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নম্বরঃ.......
তারিখঃ ২৮/০৭/২২
স্বাক্ষর

জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট।
www.zplalmonirhat.org

মুজিব শতবর্ষ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারকনং -জেপ-লাল/ ২০২১/২১৫

তারিখ ০৮/০৩/ ১৪২৮বঙ্গাব্দ
২২/০৬/ ২০২১খ্রি.

বিষয় : গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে আগুনে দগ্ধিভূত মাষ্টাররোল কর্মচারীর চিকিৎসার জন্য অর্থিক সহায়তা প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলা পরিষদের কাকিনা/তুষভান্ডার ডাকবাংলোর কেয়ারটেকার জনাব মোঃ ছাইফুল ইসলাম ২৫/০৪/২০২১খ্রি. তারিখে পবিত্র রমজান মাসে নিজে,স্ত্রী ও ছোট ছেলেসহ গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে আগুনে দগ্ধিভূত হন। রংপুর মেডিকেলে চিকিৎসারত অবস্থায় ৩০/০৪/২০২১খ্রি. তারিখে ছেলেটি মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহ অইন্না এলাইহি রাজিউন)। তার স্ত্রী ও তিনি মৃত্যুর সংগে পাঞ্জালড়ছেন। চিকিৎসার জন্য প্রচুর অর্থের প্রয়োজন। তাই আপনার মাধ্যমে দেশের সকল জেলা পরিষদ হতে অর্থিক সহায়্যের জন্য চেয়ারম্যান মহোদয় বরাবরে আবেদন করেছেন।

তার ব্যাখ্যাকৃত আবেদনপত্র সুপারিশসহ প্রেরণ করা হলো।

২২/০৬/২০২১

(মোঃ রফিকুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা(অ.দা.)
জেলা পরিষদ,লালমনিরহাট
ফোন # ০৫৯১-৬১৩৫৯
ই-মেইলঃ zillaparishadlmh@yahoo.com

প্রাপক:

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

22/06/2021

দৃষ্টি আকর্ষণ ঃ মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপ-সচিব
জেলা পরিষদ,অধিশাখা।

অতি:/যুগ্ম সচিব/প্রশাসন/উপজেলা/অডিট
নম্বর..........তারিখ..........
অতিরিক্ত সচিব (প্রশাসন)

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। চেয়ারম্যান, জেলা পরিষদ, লালমনিরহাট।

ডাইরী নং-..........
তারিখঃ ২৮/৭/২২
উপসচিব
জেলা পরিষদ অধিশাখা

ডায়েরি নং ২৮৪৩ তারিখ ২৩/৭/২২
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয়ও কাউন্সিল/জেপ)
যুগ্মসচিব(প্রশাসন)

বরাবর
চেয়ারম্যান
জেলা পরিষদ,লালমনিরহাট।

বিষয় ঃ গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে আগুনে দগ্ধিভুত মাষ্টাররোল কর্মচারীর চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন।

মহোদয়

সবিনয় বিনীত নিবেদন এই যে,আমি মোঃ সাইফুল ইসলাম কেয়ারটেকার কাকিনা ডাকবাংলো,কালীগঞ্জ,লালমনিরহাট। আমি দীর্ঘদিন যাবত জেলা পরিষদ ডাকবাংলোয় কর্মরত আছি। গভীর দুঃখের সাথে জানাচ্ছি যে, গত ২৫/০৪/২০২১খ্রি. তারিখে পবিত্র রমজানের রোজা থেকে ইফতার তৈরীর জন্য আমি আমার স্ত্রী ও আমার ছেলে (বয়স ৬বছর) রান্নাঘরে গেলে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে আগুনে দগ্ধিভূত হয়ে সরীর ঝলসে যায়। রংপুর মেডিকেলে চিকিৎসারত অবস্থায় ৩০/০৪/২০২১খ্রি. তারিখে ছেলেটি মৃত্যু বরণ করেন (ইন্না লিল্লাহ অইন্না এলাহি রাজিউন)। আমি ও আমার স্ত্রী মৃত্যুর সংগে পাঞ্জা লড়ছি। উন্নত চিকিৎসার জন্য প্রচুর অর্থের প্রয়োজন। এ ব্যয়ভার বহন করা আমার পক্ষে একে বারেই অসম্ভব। একজন জেলা পরিষদ কর্মচারী হিসেবে লালমনিরহাট জেলা পরিষদসহ আপনার মাধ্যমে দেশের সকল জেলা পরিষদ থেকে আর্থিক সহযোগীতা কামনা করছি।

অতএব মহোদয়ের নিকট বিনীত নিবেদন জীবন বাঁচার তাগিতে আপনার জেলা পরিষদসহ দেশের সকল জেলা পরিষদের মাধ্যমে আর্থিক সহযোগীত কামনা করছি।

বিনীত নিবেদক
আপনার একান্ত অনুগত

মোঃ সাইফুল ইসলাম
কেয়ারটেকার,কাকিনা ডাকবাংলো
জেলা পরিষদ,লালমনিরহাট।